

স্মারক নং- ৩৩.০১.০০০০.১০১.১১.৮৪৫.১৬-১৭০৪

তারিখ :- ৩০/০৮/২০১৬ খ্রিঃ
১৫/০৫/১৪২৩ বঃ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

প্রাণিসম্পদ অধিদপ্তরপ্রাধীন রাজস্বখাত ভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১.	ডি.এফ.এ গ্রেড- ১৪, স্কেল-১০২০০-২৪৬৮০/-	২৮৯	১। অনুমোদিত যে কোন শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক/ সমমান পাশ হতে হবে। ২। নির্বাচিত প্রার্থীগণকে ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউট/ লাইভস্টক ট্রেনিং ইন্সটিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ১ বৎসরের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণে উত্তীর্ণ প্রার্থীগণকে চূড়ান্তভাবে নিয়োগ প্রদান করা হবে। প্রশিক্ষণকালীন সময়ে সরকার কর্তৃক নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।	
২.	কম্পাউন্ডার, গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/-	৫৫		
৩.	পোল্ট্রি টেকনিশিয়ান, গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/-	১০		
৪.	এফ.এ (এ/আই) গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/-	২৪৮		
	সর্বমোট=	৬০২		

নিয়োগের শর্তাবলী :-

- ১। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান প্রতিপালিত হবে।
- ২। অনলাইনে আবেদনপত্র পূরণের সকল নির্দেশনা প্রাণিসম্পদ অধিদপ্তরের www.dls.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে এবং উল্লিখিত ওয়েব সাইটে আবেদন ফরম পূরণ করতে হবে। শুধুমাত্র বর্ণিত ওয়েব সাইটে প্রাপ্ত আবেদনপত্রই বৈধ বলে গণ্য হবে।
- ৩। ক) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরু তারিখ ও সময় : ০৪ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকা
খ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ০৫ অক্টোবর, ২০১৬ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা
- ৪। অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের হার্ডকপি, ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র অথবা জন নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ এর সত্যায়িত অনুলিপি সহ অন্যান্য কাগজপত্র উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবরে ডাকযোগে প্রেরণ করতে হবে। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় সকল সনদের মূল কপি দেখাতে হবে।
- ৫। আবেদন পত্রের সাথে বাংলাদেশ ব্যাংক/ সোনালী ব্যাংক লিঃ হতে ১০০/- (একশত) টাকা মূল্যের ট্রেজারী চালান মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বন্ধুরে নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১-৪৪৪১-০০০০-২০৩১ কোডে জমা দিয়ে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ট্রেজারী চালানের নম্বর, তারিখ, ব্যাংকের নাম ও ঠিকানা অনলাইনে পূরণ করে ট্রেজারী চালানের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।
- ৬। প্রার্থীর বয়স ৩০/০৮/২০১৬খ্রিঃ তারিখে ১৮-৩০ বছর। তবে শারীরিক প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধার নাতী/ নাতনীদেবীর ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৭। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক উত্তরাধিকারী সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত করতে হবে।
- ৮। প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।
- ৯। প্রার্থী নির্বাচনে জেলা কোটাসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১০। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।
- ১১। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের সময় পদ সংখ্যা কম/ বেশী নির্ধারণ এবং নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ১২। বিজ্ঞপ্তি পদের প্রেক্ষিতে অনলাইনে পূরণকৃত আবেদন এবং ডাকযোগে প্রাপ্ত তার হার্ডকপি যাচাই বাছাই প্রক্রিয়ায় শুধুমাত্র যোগ্য প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।
- ১৩। মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর ২৭১০/১২ তারিখ ১৯/০২/২০১৫ আদেশ পর্যালোচনা পূর্বক এ নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হ'ল।
- ১৪। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

(ডাঃ মোঃ আইনুল হক)

উপপরিচালক(চঃ দাঃ) প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও
সদস্য সচিব

৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর বিভাগীয় নির্বাচন কমিটি।